# অর্থনীতি

## প্রথম অধ্যায়

## অর্থনীতি পরিচয়

### সৃজনশীল বহুনির্বাচনি

১. **'অর্থনীতি' কোন শব্দ থেকে এসেছে?** [ঢাকা বোর্ড ২০২৩] ★★★

ক Oikonomics　খ Economics
গ Ecoonomia　● Oikonomia

২. **Oikonomia কোন দেশি শব্দ?** [রাজশাহী বোর্ড ২০১৯; বরিশাল বোর্ড ২০২০; পুলিশ লাইনস স্কুল এন্ড কলেজ, বগুড়া] ★★★

ক আমেরিকা　● গ্রিক
গ জার্মানি　ঘ রাশিয়া

১. **'অর্থশাস্ত্র' বইয়ের লেখক কে?** [সিলেট বোর্ড ২০২০; সকল বোর্ড ২০১৮; কুমিল্লা বোর্ড ২০১৯] ★★★

ক ডেভিড রিকার্ডো　খ এরিস্টটল
● কৌটিল্য　ঘ এল. রবিন্স

৩. **Oikonomia মানে কী?** [চট্টগ্রাম বোর্ড ২০১৯; ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★★

ক ধনতান্ত্রিক অর্থব্যবস্থা　খ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা
গ ইসলামি অর্থব্যবস্থা　● গৃহস্থালির ব্যবস্থাপনা

২. **অর্থনীতির জনক কে?** ★★★

ক ডেভিড রিকার্ডো　খ এরিস্টটল
● অ্যাডাম স্মিথ　ঘ এল. রবিন্স

৪. **গ্রিক সভ্যতার বিখ্যাত দুইজন চিন্তাবিদ–** [স. বো. ১৬] ★★★

ক প্লেটো ও সক্রেটিস
● প্লেটো ও এরিস্টটল
গ প্লেটো ও আলেকজান্ডার
ঘ সক্রেটিস ও আলেকজান্ডার

৫. **'অর্থশাস্ত্র' গ্রন্থটির রচয়িতা কে?** [স. বো. ১৬] ★★★

ক এরিস্টটল　খ প্লেটো
● কৌটিল্য　ঘ অমর্ত্য সেন

৬. **বাংলাদেশে কোন ধনের অর্থব্যবস্থা চালু আছে?** [স. বো. ১৬] ★★★

PARTHIB BOOKS

● মিশ্র ⓚ ধনতান্ত্রিক

ⓖ মুক্তবাজার ⓘ ইসলামি

৭. **উন্নত অর্থব্যবস্থা হিসেবে কোনটিকে গণ্য করা হয়?** [স. বো. ১৫] ★★★

ⓚ ধনতান্ত্রিক অর্থব্যবস্থা ⓚ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা

ⓖ ইসলামি অর্থব্যবস্থা ● মিশ্র অর্থব্যবস্থা

৮. **গ্রিক সভ্যতার ইতিহাসে কাকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়?** [স. বো. ১৫] ★★★

ⓚ সক্রেটিস ● এরিস্টটল

ⓖ প্লেটো ⓘ অ্যাডাম স্মিথ

৯. **আদিম সমাজে মানুষের জীবনযাপন কেমন ছিল?** [বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ] ★★★

ⓚ ব্যয়বহুল ● সহজ–সরল

ⓖ কঠিন ⓘ ভীতিকর

১০. **ইংল্যান্ডে বাণিজ্যবাদের বিপক্ষে অবস্থান নিয়ে ভূমিবাদ মতবাদ কোন দেশে প্রচার করা হয়?** [মনিরামপুর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★

● ফ্রান্সে ⓚ ইংল্যান্ডে

ⓖ আমেরিকায় ⓘ জার্মানিতে

১১. **ভূমিবাদীদের মতে উৎপাদনশীল খাত বলতে কোন খাতকে বোঝায়?** [আমেনা বাকী রেসিডেন্সিয়াল মডেল হাইস্কুল, দিনাজপুর] ★★★

● কৃষি ⓚ শিল্প

ⓖ বাণিজ্য ⓘ রপ্তানি

১২. **কোন খাতকে ভূমিবাদীরা অনুৎপাদনশীল খাত বলে মন করত?** [পুলিশ লাইন হাই স্কুল এন্ড কলেজ, বগুড়া] ★★★

● শিল্প ও বাণিজ্য ⓚ কৃষি

ⓖ মৎস্য ক্ষেত্র ⓘ খনিজ

১৩. **এরিস্টটল কে ছিলেন?** [সেন্ট প্লাসিডস হাইস্কুল, চট্টগ্রাম; যশোর জিলা স্কুল] ★★★

ⓚ বিজ্ঞানী ● গ্রিক দার্শনিক

ⓖ সমাজবিজ্ঞানী ⓘ ইংরেজ অর্থনীতিবিদ

১৪. **প্রথম কোথায় ভূমির ওপর ব্যক্তি মালিকানার ধারণা প্রতিষ্ঠিত হয়?** [কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ ইতালি ● গ্রিসে

ⓖ ফ্রান্সে ⓘ ভারতে

১৫. **গ্রিক দার্শনিক এরিস্টটলের সময়ে নিচের কোন ঘটনাটি ঘটে?** [মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

PARTHIB BOOKS

ⓚ দাসপ্রথার সৃষ্টি হয়
ⓛ মহামন্দা দেখা দেয়
● ভূমির ওপর ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠিত হয়
ⓝ ভূমিবাদীদের ক্ষমতা বৃদ্ধি পায়

১৬. **যদি গ্রিক সভ্যতার ইতিহাসে এরিস্টটলকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয় তাহলে অর্থনীতির চর্চা প্রথম কোথায় শুরু হয়?** [দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গল] ★★★

ⓚ প্রাচীন ইংল্যান্ডে ⓛ প্রাচীন ভারতে
ⓜ প্রাচীন রোমে ● প্রাচীন গ্রিসে

১৭. **গ্রিক কীরূপ সভ্যতা ছিল?** [বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ] ★★★

ⓚ বহু রাষ্ট্রভিত্তিক ● নগর রাষ্ট্রভিত্তিক
ⓜ দাসভিত্তিক ⓝ এক রাষ্ট্রভিত্তিক

১৮. **অর্থনীতিকে গৃহপরিচালনার বিজ্ঞান হিসেবে অভিহিত করেন কে?** [প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজ উদ্দিন আহম্মেদ রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ] ★★

● এরিস্টটল ⓛ স্যামুয়েলসন
ⓜ মার্শাল ⓝ এল. রবিনস

১৯. **অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ইংল্যান্ড, ফ্রান্স ও ইতালিতে আন্তর্জাতিক বাণিজ্যের যে প্রসার ঘটে তাকে কী বলা হয়?** [সেন্ট জোসেফ উচ্চ বিদ্যালয়, খুলনা] ★★★

● বাণিজ্যবাদ ⓛ ভূমিবাদ
ⓜ সামন্তবাদ ⓝ পুঁজিবাদ

২০. **কোন দেশের উৎপাদিত পণ্য পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করে মূল্যবান ধাতু আমদানি করত?** [জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

● ইংল্যান্ডের ⓛ ফ্রান্সের
ⓜ ইতালির ⓝ প্রাচীন ভারতের

২১. **ফরাসিরা কোন সময়ে ভূমিবাদ মতবাদ প্রচার করে?** [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★★

ⓚ ষোড়শ শতাব্দীর মধ্যভাগে
ⓛ সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে
● অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে
ⓝ ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে

২২. **ফরাসিরা কোন দেশের বাণিজ্যবাদের বিপক্ষে অবস্থান নিয়ে ভূমিবাদ মতবাদ প্রচার করেছিল?** [নোয়াখালি সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ ইতালির ⓛ ফ্রান্সের
ⓜ গ্রিসের ● ইংল্যান্ডের

PARTHIB BOOKS

২৩. **Wealth of Nations গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?** [বি, এ এফ শাহীন কলেজ চট্টগ্রাম] ★★★

ⓚ ১৭০০ ⓚ ১৭৭৫

● ১৭৭৬ ⓖ ১৮০০

২৪. **কোন ধারার অর্থনীতিবিদরা অর্থনীতিকে সম্পদের বিজ্ঞান বলে মনে করেন?** [দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

● ক্লাসিক্যাল ⓚ নয়া ক্লাসিক্যাল

ⓖ আধুনিক ⓖ প্রাচীন

২৫. **'অর্থনীতি এমন একটি বিজ্ঞান যা জাতিসমূহের সম্পদের ধরন ও কারণ সম্পর্কে অনুসন্ধান করে'– উক্তিটি কার?** [ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ অধ্যাপক মার্শাল ⓚ কেয়ার্নক্রস

● অ্যাডাম স্মিথ ⓖ এল. রবিন্স

২৬. **'অর্থনীতি মানুষের দৈনন্দিন জীবনের সাধারণ কার্যাবলি আলোচনা করে'– উক্তিটি কার?** [দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

ⓚ এল. রবিন্স ⓚ স্যামুয়েলসন

● মার্শাল ⓖ জনলক

২৭. **অর্থনীতির সর্বাধিক গ্রহণযোগ্য সংজ্ঞাটি কে দিয়েছেন?** [সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি] ★★★

ⓚ রিকার্ডো ⓚ অ্যাডাম স্মিথ

● অধ্যাপক এল. রবিন্স ⓖ অধ্যাপক মার্শাল

২৮. **অর্থনীতির মৌলিক নীতিমালা কয়টি?**[পুলিশ লাইন্স হাইস্কুল এন্ড কলেজ, বগুড়া] ★★★

ⓚ ২ ⓚ ৪

ⓖ ৫ ● ১০

২৯. **অর্থনীতির মৌলিক নীতিমালা দেওয়া–নেওয়ার ইংরেজি প্রতিশব্দ কী?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● Trade-offs ⓚ Better-offs

ⓖ Opportunity offs ⓖ Respond-offs

৩০. **অর্থনীতির ভাষায় মানুষ সাধারণত কোন পর্যায়ের চিন্তা করে?** [দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

ⓚ প্রারম্ভিক পর্যায়ের ⓚ মধ্যম পর্যায়ের

● প্রান্তিক পর্যায়ের ⓖ বৃহৎ পর্যায়ের

৩১. **বিশ্ববিখ্যাত টয়োটা কোম্পানি কোন দেশের?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ চীন ● জাপান

ⓖ জার্মানি ⓖ ইংল্যান্ড

PERTHIB BOOKS

৩২. **মুদ্রাস্ফীতি ঘটলে কী হয়?** [দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

● অর্থের মান কমে ⓚ দ্রব্যমূল্য কমে

ⓖ অর্থমূল্য বাড়ে ⓘ অর্থমূল্য অপরিবর্তিত থাকে

৩৩. **দ্রব্যমূল্য দ্রুত বেড়ে যাওয়ার নাম কী?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● মুদ্রাস্ফীতি ⓚ মূল্যস্ফীতি

ⓖ সংকটাপন্ন অবস্থা ⓘ পণ্য সংকট

৩৪. **একটি সরল অর্থনীতিতে কয় ধরনের প্রতিনিধি থাকে?** [সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি] ★★★

● দুই ⓚ তিন

ⓖ চার ⓘ পাঁচ

৩৫. **অর্থনীতিতে ফার্মের যা ব্যয় পরিবারের তা কী?** ★★★
সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয় ঝালকাঠি

● আয় ⓚ সঞ্চয়

ⓖ মূলধন ⓘ বিনিয়োগ

৩৬. **জাতীয় আয় ও জাতীয় ব্যয়ের মধ্যে কী বিদ্যমান থাকে?** ★★★

● চক্রাকার প্রবাহ ⓚ আয়তকার প্রবাহ

ⓖ বর্গাকার প্রবাহ ⓘ নিট আয়

৩৭. **পুঁজিবাদী অর্থব্যবস্থার বৈশিষ্ট্য কোনটি?** [শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ] ★★★

ⓚ সীমিত প্রতিযোগিতা

● স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতি

ⓖ সম্পদের রাষ্ট্রীয় মালিকানা

ⓘ স্বল্পসংখ্যক

৩৮. **কোন বিপ্লবের মধ্য দিয়ে পুঁজিবাদী অর্থব্যবস্থার সূত্রপাত ঘটে?** [বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ] ★★★

● ফরাসি বিপ্লবের ⓚ মে দিবসের

ⓖ শ্রমিক বিপ্লবের ⓘ শিল্প বিপ্লবের

৩৯. **ধনতান্ত্রিক অর্থব্যবস্থার প্রথম পচলন হয় কোথায়?** [দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

ⓚ আমেরিকায় ⓚ চীনে

● ইউরোপে ⓘ অস্ট্রেলিয়ায়

৪০. **ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদন, বিনিময় ও ভোগসহ সম্পদের সব অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয় কীভাবে?** [কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★

ⓚ রাষ্ট্রীয় উদ্যোগে

ⓚ রাষ্ট্রীয় ও ব্যক্তির উদ্যোগে

PARTHIB BOOKS

● ব্যক্তিগত উদ্যোগে

ⓖ সাধারণ মানুষের উদ্যোগে

৪১. **কীভাবে সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় অর্থনৈতিক কার্যাবলি পরিচালিত হয়?** [ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা] ★★★

ⓚ স্বয়ংক্রিয় দাম ব্যবস্থার দ্বারা

ⓚ সরকারি–বেসরকারি উদ্যোক্তা দ্বারা

● রাষ্ট্রীয় মালিকানা দ্বারা

ⓖ ভোগকারীর স্বাধীন ইচ্ছা দ্বারা

৪২. **কোন অর্থনৈতিক ব্যবস্থায় জমি, কারখানা, খনি ও অন্যান্য সম্পদের ওপর রাষ্ট্রীয় মালিকানা বজায় থাকে?** [ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ] ★★★

ⓚ ধনতান্ত্রিক ● সমাজতান্ত্রিক

ⓖ মিশ্র ⓖ ইসলামি

৪৩. **সমাজতন্ত্রে ভোক্তার স্বাধীনতা কেমন?** [মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ অসীম ⓚ বেশি

ⓖ মুক্ত ● সীমাবদ্ধ

৪৪. **উইলিয়ামসের দেশে সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল উদ্দেশ্য জনগণের সর্বাধিক কল্যাণ সাধন। এটি কোন অর্থব্যবস্থা নির্দেশ করে?** [জগদীশ সরস্বতী গার্লস স্কুল এন্ড কলেজ] ★★★

ⓚ ধনতান্ত্রিক ● সমাজতান্ত্রিক

ⓖ মিশ্র ⓖ ইসলামি

৪৫. **কোন অর্থনৈতিক ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানা অনুপস্থিত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজ]

ⓚ ধনতান্ত্রিক ⓚ মিশ্র অর্থনীতি

● সমাজতান্ত্রিক ⓖ ইসলামি অর্থনীতি

৪৬. **মিশ্র অর্থনীতিতে দাম ব্যবস্থা কোন ব্যবস্থার অনুরূপ?** [কলারোয়া পাইলট হাইস্কুল, সাতক্ষীরা] ★★★

ⓚ সমাজতন্ত্রের অনুরূপ ● ধনতন্ত্রের অনুরূপ

ⓖ মিশ্র ব্যবস্থার অনুরূপ ⓖ ইসলামি ব্যবস্থার অনুরূপ

৪৭. **কোন ধরনের অর্থব্যবস্থায় সরকারি ও বেসরকারি উদ্যোগে দ্রব্য উৎপাদন ও দাম নিয়ন্ত্রণ হয়?** [পিএন সরকারি বালিচা উচ্চ বিদ্যালয়, রাজশাহী] ★★★

ⓚ সমাজতান্ত্রিক ⓚ ধনতান্ত্রিক

ⓖ ইসলামি ● মিশ্র

৪৮. **কোনটি মিশ্র অর্থব্যবস্থার বৈশিষ্ট্য নয়?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● কেন্দ্রীয় পরিকল্পনা ⓚ সরকারি উদ্যোগ

ⓖ দাম ব্যবস্থা ⓖ ভোক্তার স্বাধীনতা

PARTHB BOOKS

**৪৯. কোন ব্যবস্থায় আল্লাহর বিধান অনুযায়ী যাবতীয় অর্থনৈতিক কর্মকান্ড সম্পাদিত হয়?** [গভ. মডেল গার্লস হাইস্কুল, ব্রাহ্মণবাড়িয়া] ★★★

ⓚ ধনতান্ত্রিক ⓛ সমাজতান্ত্রিক

ⓖ মিশ্র ● ইসলামি

**৫০. কোন অর্থব্যবস্থায় ব্যাংক ব্যবস্থায় সুদমুক্ত আমানতের কথা বলা হয়েছে?** [সেন্ট জোসেফ হাই স্কুল, খুলনা] ★★★

ⓚ ধনতান্ত্রিক ⓛ সমাজতান্ত্রিক

ⓖ মিশ্র ● ইসলামি

**৫১. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য কয়টি?** ★★★

ⓚ ৭ ● ৮

ⓖ ৯ ⓘ ১০

**৫২. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় কয়টি বৈশিষ্ট্য রয়েছে?** ★★★

ⓚ ৩ ⓛ ৪

● ৫ ⓘ ৬

**৫৩. কোন অর্থব্যবস্থায় অবাধ প্রতিযোগিতার অভাব রয়েছে?** ★★★

ⓚ ধনতান্ত্রিক ⓛ মিশ্র

ⓖ ইসলামি ● সমাজতান্ত্রিক

**৫৪. সরকারি উদ্যোগে উৎপাদন কার্য চলে কোন অর্থব্যবস্থায়?** ★★★

ⓚ ধনতান্ত্রিক ● সমাজতান্ত্রিক

ⓖ ইসলামি ⓘ মিশ্র

**৫৫. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য কোনটি?** ★★★

● ব্যক্তিগত উদ্যোগের অনুপস্থিতি

ⓛ মুনাফা অর্জন

ⓖ ভোক্তার স্বাধীনতা

ⓘ বেসরকারি উদ্যোগ

**৫৬. কোন অর্থব্যবস্থায় ব্যক্তিগত মুনাফা অনুপস্থিত?** ★★★

ⓚ ধনতান্ত্রিক ● সমাজতান্ত্রিক

ⓖ মিশ্র ⓘ ইসলামি

**৫৭. গ্রিক সভ্যতায় অর্থনীতির যেসব বিষয়ের ওপর গুরুত্ব দেওয়া হতো–** [নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

i. ব্যবসায়

ii. অর্থের ব্যবহার

iii. শ্রম বিভাজন

**নিচের কোনটি সঠিক?**

PARTHIB BOOKS

Ⓚ i ও ii　　　Ⓚh i ও iii

Ⓖ ii ও iii　　　● i, ii ও iii

৫৮. **অর্থনীতির প্রধান সমস্যা হলো–** [পিরোজপুর জিলা স্কুল] ★★★

i. অসীম অভাব　　　ii. সসীম অভাব

iii. সম্পদের দুষ্প্রাপ্যতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　　● i ও iii

গ ii ও iii　　　ঘ i, ii ও iii

৫৯. **অর্থনীতিকে সম্পদের বিজ্ঞান বলে মনে করেন–** ★★

[বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]

i. অ্যাডাম স্মিথ　　　ii. জন স্টুয়ার্ট মিল

iii. এল. রবিন্স

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii　　　খ i ও iii

গ ii ও iii　　　ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :**

নাবিল বাজারে চিনি কিনতে যেয়ে দেখলেন, চিনির দাম অনেক বেশি। পাশে দাঁড়িয়ে থাকা একজন ক্রেতা বলল, রাস্তার ওপারে এই চিনি সরকারি বিক্রয় কেন্দ্রে ন্যায্যমূল্যে বিক্রি হচ্ছে।

৬০. **নাবিলের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?** ★★★

ক ইসলামি　　　● মিশ্র

গ ধনতান্ত্রিক　　　ঘ সমাজতান্ত্রিক

৬১. **নাবিলের দেশের অর্থব্যবস্থায়–** ★★★

ক আয় বৈষম্য দেখা দেয়

খ সুদবিহীন ঋণের লেনদেন হয়

● মূল্যের স্থিতিশীলতা বজায় থাকে

ঘ ব্যক্তিগত উদ্যোগের স্বাধীনতা থাকে না

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** 'X' দেশের জনগণ স্বাধীনভাবে দ্রব্যসামগ্রী উৎপাদন ও ভোগ করে । অপরদিকে 'Y' দেশের সাথে 'X' দেশের মিল থাকলেও বিশেষ দ্রব্যের উৎপাদন ও ভোগের ক্ষেত্রে 'Y' দেশের সরকারের নিয়ন্ত্রণ থাকে। [ঢা. বো. ২০] ★★★

ক. অ্যাডাম স্মিথের প্রদত্ত সংজ্ঞাটি লেখ।

PARTHIB BOOKS

খ. বেশি উৎপাদনের ক্ষেত্রে প্রণোদনা কীভাবে কাজ করে?

গ. উদ্দীপকে 'X' দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ. 'Y' দেশের অর্থনৈতিক ব্যবস্থা চিহ্নিত করে এর বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর।

**প্রশ্ন ২** 'X' দেশের জনগণ ইচ্ছা অনুযায়ী দ্রব্যসামগ্রী ও সেবা ভোগ করে । কিন্তু 'Y' দেশের জনগণ ইচ্ছা অনুযায়ী দ্রব্যসামগ্রী ভোগ করতে পারলেও বিশেষ বিশেষ ক্ষেত্রে সরকার উৎপাদন ও ভোগ নিয়ন্ত্রণ করে। অপরদিকে 'Z' দেশের জনগণ সরকারি বিধি মোতাবেক উৎপাদন ও ভোগ কার্যক্রম পরিচালনা করে। [য. বো. ২০] ★★★

ক. অভাব নির্বাচন কী?

খ. বাণিজ্যে সবাই কীভাবে উপকৃত হয়?

গ. 'X' দেশ কোন ধরনের অর্থব্যবস্থাকে প্রতিফলিত করে? ব্যাখ্যা কর।

ঘ. 'Y' ও 'Z' দেশের অর্থব্যবস্থার তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৩** রিমা ও সীমা দুই বোন। দুজনেই চাকরি করেন। রিমা একটি সরকারি প্রতিষ্ঠানে এবং সীমা একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। রিমার চেয়ে সীমা বেশি বেতন পান। তারা দেখলেন, বেসরকারি সংস্থার লক্ষ্য অধিক মুনাফা অর্জন করা। [চ. বো. ২০]

ক. অধ্যাপক এল. রবিন্স প্রদত্ত অর্থনীতির সংজ্ঞা দাও। ★★

খ. অর্থনীতিতে প্রণোদনা বলতে বোঝায়?

গ. উদ্দীপকে যে অর্থব্যবস্থার কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. তুমি কি মনে কর, উক্ত অর্থব্যবস্থা একটি সর্বজন গৃহীত অর্থব্যবস্থা? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৪** দৃশ্যকল্প-১ : ফাতিহা 'ক' নামক দেশে বেড়াতে গেল। সে লক্ষ করল সেখানে সবকিছু সরকার নিয়ন্ত্রণ করে। সেখানে ব্যক্তিগত ব্যবসায় পরিচালনার সুযোগ নেই।
দৃশ্যকল্প-২ : ফারহান ও ফারাবি একটি দেশে বসবাস করে। ফারহান সরকারি উদ্যোগে পরিচালিত একটি ব্যবসায় প্রতিষ্ঠানে কাজ করেন। অন্যদিকে ফারাবি বেসরকারি উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানে কর্মরত। ★★★

ক. মুদ্রাস্ফীতি কাকে বলে?

খ. কখন মানুষ প্রান্তিক পর্যায়ে চিন্তা করে? বুঝিয়ে লেখ।

গ. ফাতিহার বেড়াতে যাওয়া দেশের অর্থব্যবস্থা কোন ধরনের?ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প-২ এর অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার তুলনা কর।

PATHIB BOOKS

**প্রশ্ন ৫** জনার 'ক' তার নিজ দেশে একটি পোশাক কারখানা স্থাপন করলেন। জনাব 'ক'-এর মুনাফা দেখে তার কয়েকজন বন্ধু আরও কয়েকটি পোশাক কারখানা প্রতিষ্ঠা করেন। তার এক বন্ধু লোকসানের কারণে কারখানা বন্ধ করে দিলেন। সরকার কোনো বিধিনিষেধ আরোপ করল না। অপরদিকে জনাব 'খ' তার দেশে একটি প্লাস্টিক কারখানা স্থাপন করতে চাইলেন। কিন্তু সরকার অনুমতি দিল না। জনাব 'খ'-এর দেশে সকল কারখানা সরকার পরিচালনা করে। [কু. বো. ১৯] ★★★

ক. ইসলামি অর্থব্যবস্থা কাকে বলে?

খ. অধ্যাপক এল. রবিন্স-এর অর্থনীতির সংজ্ঞাটি অধিক গ্রহণযোগ্য কেন? বুঝিয়ে লেখ।

গ. জনাব 'ক'-এর দেশে যে ধরনের অর্থব্যবস্থা দেখা যায় তা ব্যাখ্যা কর।

ঘ. জনাব 'খ'-এর দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থা সাদৃশ্যপূর্ণ কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৬** মি. লিটন 'ক' দেশে বেড়াতে গিয়ো দেখেন সেখানে কারখানার মালিকেরা নিজের ইচ্ছেমতো উৎপাদন কাজ পরিচালনা করতে পারেন না। শুধু তাই নয়, ক্রেতারাও কেনাকাটা: করতে গেলে তাদের কিছু বিধিনিষেধ মেনে চলতে হয়। অপরদিকে লিটনের বন্ধু সেলিম 'খ' দেশে বসবাস করেন। সেলিম একজন সরকারি কর্মকর্তা। তার বড় ছেলে সদ্য পড়াশুনা শেষ করে চাকরি পাওয়ার অপেক্ষা না করে নিজ উদ্যোগে গ্রামের বাড়িতে হাঁস-মুরগির খামার স্থাপন করেন। [সি. বো. ১৯] ★★★

ক. মুদ্রাস্ফীতি কী?

খ. কানাডার মতো উন্নত দেশের মাথাপিছু আয় বেশি কেন?

গ. 'ক' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের 'খ' দেশে যে অর্থব্যবস্থার প্রতিফলন ঘটেছে তা চিহ্নিতপূর্বক উক্ত দেশে দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে সরকারের কোনো ভূমিকা আছে কি? তোমার মতামত দাও।

**প্রশ্ন ৭** জনাব আবুল হোসেন একজন দরিদ্র কৃষক। তার নিজের কোনো জমি নেই। তিনি অন্যের জমিতে চাষাবাদ করেন। যৌথ পরিবারে বসবাস করায় পরিবারের সদস্যসংখ্যা বেশি। আয় স্বল্প হওয়ার কারণে বড় পরিবার চালাতে তার অনেক সমস্যা হয়। পরিবারের প্রত্যেকের চাহিদাও আলাদা। তারপরও আবুল হোসেন সবার চাহিদা পূরণের চেষ্টা করেন। [দি. বো. ২০] ★★★

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কী?

খ. অর্থনীতিতে কেন সরকারি হস্তক্ষেপ প্রয়োজন?

PATHIB BOOKS

গ. জনাব আবুল হোসেন তার সীমিত সম্পদ ছাড়াও আর যে কারণে সমস্যায় পড়েছেন তা ব্যাখ্যা কর।

ঘ. জনাব আবুল হোসেন অর্থনীতির কোন ধারণাকে কাজে লাগিয়ে তার এ সমস্যা দূর করতে পারবে বলে তুমি মনে কর? আলোচনা কর।

**প্রশ্ন ৮** মি. শফিক 'A' দেশের একটি বেসরকারি কলেজ শিক্ষক। বড় ছেলে সরকারি মেডিকেল কলেজে অধ্যয়ন করছে। ছোট ছেলেকে 'B' দেশে উচ্চশিক্ষার জন্য পাঠিয়েছেন। সে একটি সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে। সেই দেশের সকলেই সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করে। কেননা এখানে বেসরকারি কোনো প্রতিষ্ঠান নেই। সকল সিদ্ধান্ত সরকারিভাবে গৃহীত হয়। [স. বো. ১৬] ★★★

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কী?

খ. সম্পদের দুষ্পাপ্যতা বলতে কী বোঝ?

গ. উদ্দীপকে বর্ণিত 'A' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? বিশ্লেষণ কর।

ঘ. তুমি কি 'B' দেশের অর্থব্যবস্থাকে সমর্থন কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

## জ্ঞানমূলক

১। ইসলামি অর্থব্যবস্থা কী? [কু. বো. ১৯, চ. বো. ১৯; ম. বো. ২০] ★★★

উত্তর : ইসলামের মৌলিক নিয়মকানুনের ওপর বিশ্বাসকে ভিত্তি করে গড়ে ওঠা অর্থব্যবস্থাকে ইসলামি অর্থব্যবস্থা বলা হয়।

২। অ্যাডাম স্মিথের প্রদত্ত সংজ্ঞাটি লেখ। [ঢা. বো. ২০; রা. বো. ২০; সি. বো. ২০] ★★

উত্তর : অ্যাডাম স্মিথের মতে, অর্থনীতি এমন একটি বিজ্ঞান, যা জাতিসমূহের সম্পদের ধরন ও কারণ অনুসন্ধান করে।

৩। মিশ্র অর্থব্যবস্থা কাকে বলে? [য. বো. ২০] ★★★

উত্তর : যে অর্থব্যবস্থায় ব্যক্তিমালিকানা ও বেসরকারি উদ্যোগের পাশাপাশি সরকারি উদ্যোগ ও সামাজিক নিয়ন্ত্রণ বিরাজ করে তাকে মিশ্র অর্থব্যবস্থা বলে।

৪। মুদ্রাস্ফীতি কাকে বলে? [ঢা. বো. ১৯; সি. বো. ১৯; ব. বো. ২০] ★★★

উত্তর : দ্রব্যসামগ্রীর মূল্যস্তর বেড়ে যাওয়ার অবস্থাকে মুদ্রাস্ফীতি বলে।

৫। ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কী? [দি. বো. ২০, সকল বোর্ড ১৮] ★★★

উত্তর : যে অর্থনৈতিক ব্যবস্থায় উৎপাদনের উপাদানগুলো ব্যক্তি মালিকানাধীন এবং প্রধানত বেসরকারি উদ্যোগে, সরকারি হস্তক্ষেপ ছাড়া স্বয়ংক্রিয় দামব্যবস্থার মাধ্যমে যাবতীয় অর্থনৈতিক কার্যক্রম পরিচালিত হয় তাকে ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বলে।

Parina Books

৬। অধ্যাপক মার্শাল প্রদত্ত অর্থনীতির সংজ্ঞা দাও। [সকল বোর্ড ১৮, সকল বোর্ড ১৫]

উত্তর : অধ্যাপক মার্শালের মতে, "অর্থনীতি মানবজীবনের সাধারণ কার্যাবলি আলোচনা করে।

৭। ধনতন্ত্রে মৌলিক অর্থনৈতিক সমস্যা কীভাবে সমাধান হয়? ★★★

উত্তর : ধনতন্ত্রে মৌলিক অর্থনৈতিক সমস্যা দাম ব্যবস্থা দ্বারা সমাধান হয়।

৮। ধনতান্ত্রিক অর্থব্যবস্থার অপর নাম কী? ★★★

উত্তর : ধনতান্ত্রিক অর্থব্যবস্থার অপর নাম হলো মুক্ত বা অবাধ অর্থনীতি।

৯। ধনতন্ত্রে উৎপাদনকারীদের মধ্যে কী দেখা যায়? ★★★

উত্তর : ধনতন্ত্রে উৎপাদনকারীদের মধ্যে অবাধ প্রতিযোগিতা দেখা যায়।

১০। সমাজতান্ত্রিক অর্থনীতির অপর নাম কী? ★★★

উত্তর : সমাজতান্ত্রিক অর্থনীতির অপর নাম হলো নির্দেশমূলক অর্থনীতি।

## অনুধাবনমূলক

১. সীমিত সম্পদ বলতে কী বোঝ? ★★★
২. মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ★★★
৩. অর্থনৈতিক সমস্যা কেন সৃষ্টি হয়? ★★★
৪. মানুষ প্রান্তিক পর্যায়ে চিন্তা করে কেন? ★★★
৫. মানুষ কীভাবে অভাব নির্বাচন ও বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে? ★★
৬. ইসলামি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ★★
৭. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ★★★
৮. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ★★★

PARTHIB BOOKS

# দ্বিতীয় অধ্যায়

# অর্থনীতির গুরুত্বপূর্ণ ধারণাসমূহ

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **বাংলাদেশে এ পর্যন্ত কয়টি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে?** [রাজশাহী বোর্ড ২০২০; যশোর বোর্ড ২০২০; বরিশাল জিলা স্কুল] ★★★

ⓚ ২০ ⓦ ২১
ⓖ ২২ ● ২৬

২. **শারীরিক যোগ্যতা কোন ধরনের সম্পদ?**
[চট্টগ্রাম বোর্ড ২০১৯; সকল বো. ২০১৫] ★★★

ⓚ ব্যক্তিগত ⓦ প্রাকৃতিক
ⓖ সমষ্টিগত ● মানবিক

৩. **বাংলাদেশের কয়টি ক্ষেত্র থেকে গ্যাস উত্তোলন করা হয়?**
[স. বো. ২০১৮, ২০১৬] ★★★

ⓚ ১৩ ⓦ ১৮
● ২১ ⓘ ২৩

৪. **অর্থনৈতিক কাজ কোনটি?** [স. বো. ১৬] ★★★

ⓚ ভিক্ষার মাধ্যমে অর্থ উপার্জন
● শ্রমিকের কারখানার কাজ
ⓖ সন্তানের পরিচর্যা
ⓘ শখ করে বাগান করা

৫. **জাতীয় আয়ের কত ভাগ কৃষি থেকে আসে?** [স. বো. ১৬] ★★★

● ১৩% ⓦ ১৭%
ⓖ ২১% ⓘ ২৫%

৬. **কোনটি বস্তুগত সম্পদ?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ সুনাম ● টিভি
ⓖ সততা ⓘ আসবাবপত্র

৭. **সুন্দরবনের আয়তন কত?** [স. বো. ১৬] ★★★

ⓚ প্রায় ৫,০১৭ বর্গ কি.মি. ● প্রায় ৬,০১৭ বর্গ কি.মি.
ⓖ প্রায় ৭,০১৭ বর্গ কি.মি. ⓘ প্রায় ৮,০১৭ বর্গ কি.মি.

৮. **কোন দ্বীপে গন্ধক পাওয়ার সম্ভাবনা দেখা গিয়েছে?** [স. বো. ১৬] ★★★

ⓚ সেন্টমার্টিন দ্বীপ ⓦ নিঝুম দ্বীপ

PARTHIB BOOKS

● কুতুবদিয়া দ্বীপ ⓖ মনপুরা দ্বীপ

**৯. সরকার ও জনগণের মালিকানাধীন সম্পদকে কী বলে?** [স. বো. ১৫] ★★★

ⓚ ব্যক্তিগত ● জাতীয়

ⓖ সমষ্টিগত ⓖ আন্তর্জাতিক

**১০. সিলেটের বনভূমির আয়তন কত?** [স. বো. ১৫] ★★★

ⓚ ৮৪০ বর্গ কি.মি. ⓚ ৯৪০ বর্গ কি.মি.

● ১০৪০ বর্গ কি.মি. ⓖ ১১৪০ বর্গ কি.মি.

**১১. কোনটি অবস্তুগত সম্পদ?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● ডাক্তারের সেবা ⓚ টিভি

ⓖ বাড়ি ⓖ কলম

**১২. উৎপত্তির ভিত্তিতে সম্পদকে কয়ভাগে ভাগ করা যায়?** [সরকারি হরিচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি] ★★★

ⓚ ২ ● ৩

ⓖ ৪ ⓖ ৫

**১৩. বাংলাদেশে চুনাপাথর কোথায় মজুদ রয়েছে?** [বি কে জি সি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]

ⓚ মধ্যপাড়ায় ⓚ বিজয়পুরে

ⓖ বড় পুকুরিয়ায় ● সেন্টমার্টিন দ্বীপে

**১৪. পত্নীতলায় কোন খনিজ দ্রব্য মজুদ রয়েছে?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ চুনাপাথর ● চীনামাটি

ⓖ গন্ধক ⓖ সিলিকা বালু

**১৫. বড়পুকুরিয়া কয়লাখনি কোন জেলায় অবস্থিত?** [কুমিল্লা জিলা স্কুল] ★★★

ⓚ গাইবান্ধা ⓚ লালমনিরহাট

● দিনাজপুর ⓖ জয়পুরহাট

**১৬. সম্প্রতি কোন অঞ্চলে কয়লা উত্তোলন করা হচ্ছে?**
[হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

● দিনাজপুরের বড়পুকুরিয়ায়

ⓚ সিলেটের হরিপুরে

ⓖ চট্টগ্রামের সেন্টমার্টিনে

ⓖ দিনাজপুরের মধ্যপাড়ায়

**১৭. গন্ধক ব্যবহৃত হয় কোনটিতে?** [গণ বিদ্যানিকেতন উচ্চ বিদ্যালয়] ★★★

● দিয়াশলাইয়ে ⓚ কয়লায়

ⓖ তামায় ⓖ চুনাপাথরে

**১৮. কোনটি প্রাকৃতিক সম্পদ?** [হলিক্রস বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★★

● খনিজ সম্পদ ⓚ মানুষের শরীর

PARTHIB BOOKS

ⓖ স্বাস্থ্য কেন্দ্র ⓘ সেচ ব্যবস্থা

**১৯. প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে কোন সম্পদ সৃষ্টি করা যায়?** [মধুপুর শহীদ স্মৃতি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, টাঙ্গাইল] ★★★

ⓚ প্রাকৃতিক সম্পদ ⓛ জাতীয় সম্পদ

● উৎপাদিত সম্পদ ⓘ ব্যক্তিগত সম্পদ

**২০. কোনটি উৎপাদিত সম্পদ?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● যোগাযোগ ব্যবস্থা ⓛ নদনদী

ⓖ ভূমি ⓘ আবহাওয়া

**২১. কোনটি মনুষ্যসৃষ্ট সম্পদ?** [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; স্বরূপকাঠি কলেজিয়েট একাডেমি] ★★★

ⓚ বনভূমি ● স্বাস্থ্যকেন্দ্র

ⓖ খনিজ সম্পদ ⓘ সংগঠন ক্ষমতা

**২২. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কী?** [হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

ⓚ কয়লা ⓛ খনিজ তেল

● প্রাকৃতিক গ্যাস ⓘ চুনাপাথর

**২৩. বাংলাদেশের ২৬টি গ্যাস ক্ষেত্রে গ্যাস মজুদের পরিমাণ কত?** [কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★★

● ১৬ বিলিয়ন ঘনফুট ⓛ ২০ ট্রিলিয়ন ঘনফুট

ⓖ ২২ ট্রিলিয়ন ঘনফুট ⓘ ২৫ বিলিয়ন ঘনফুট

**২৪. কোন শিল্পে প্রাকৃতিক গ্যাস কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়?** [শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ; বর্ডার গার্ড পাবলিক স্কুল, সিলেট] ★★★

● রাসায়নিক সার ⓛ প্লাস্টিক

ⓖ সিমেন্ট ⓘ দিয়াশলাই

**২৫. কাগজ উৎপাদনে কী ব্যবহৃত হয়?**[দিনাজপুর সেন্ট ফিলিপস স্কুল] ★★★

ⓚ চীনামাটি ⓛ কঠিন শিলা

ⓖ গন্ধক ● চুনাপাথর

**২৬. বাংলাদেশের কোন জেলায় চুনাপাথরের মজুদ রয়েছে?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]

● জয়পুরহাট ⓛ ফেনী

ⓖ নেত্রকোনা ⓘ খুলনা

**২৭. সম্প্রতি কোথায় খনিজ তেল পাওয়া গেছে?** [বি কে জি সি সরকারি বালিক উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ] ★★★

● সিলেটের হরিপুরে ⓛ শাহজিবাজারে

ⓖ তামাবিল ⓘ কুতুবদিয়া দ্বীপে

PATHSHALA BOOKS

**২৮. প্রাকৃতিক ও পরিবেশগত অবস্থা ভালো রাখার জন্য দেশের ভূখণ্ডের কমপক্ষে শতকরা কত ভাগ বনাঞ্চল থাকা দরকার?** [কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★

ⓚ ১৭ ⓚ ২১
ⓖ ২২ ● ২৫

**২৯. জাপানে বনভূমির পরিমাণ মোট ভূখণ্ডের কত ভাগ?** [সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ ২৫% ⓚ ৩৫%
ⓖ ৩৪% ● ৬৩%

**৩০. জাপান ও বার্মার কোন অবস্থা ভালো থাকার সম্ভাবনা রয়েছে?** [সেন্ট ফ্রান্সিস হাইস্কুল, ঢাকা]

ⓚ সামাজিক ⓚ ধর্মীয়
● প্রাকৃতিক ও পরিবেশগত ⓖ ভৌগোলিক

**৩১. নিচের কোনটি সুন্দরবনে পাওয়া যায়?** [হলিক্রস বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★★

ⓚ গর্জন ⓚ গামারি
● গরান ⓖ সেগুন

**৩২. 'বাইন' কোন বনভূমির বৃক্ষ?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● সুন্দরবন ⓚ চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বনভূমি
ⓖ সিলেটের বনভূমি ⓖ বরেন্দ্র বনভূমি

**৩৩. বাংলাদেশের চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বনভূমির আয়তন কত?** [গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ ১৪,৩৩৩ বর্গকিলোমিটার
● ১৫,৩৩৩ বর্গকিলোমিটার
ⓖ ১৬,৩৩৩ বর্গকিলোমিটার
ⓖ ১৭,৩৩৩ বর্গকিলোমিটার

**৩৪. নিচের কোন উৎস থেকে বাংলাদেশে এখনো শক্তির উৎপাদন শুরু করা সম্ভব হয়নি?** [নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ কয়লা ⓚ খনিজ তেল
ⓖ পানি ● আণবিক শক্তি

**৩৫. বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি কোন নদীর তীরে অবস্থিত?** [দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গল] ★★★

ⓚ মেঘনা ⓚ নাফ
● কর্ণফুলি ⓖ সাঙ্গু

**৩৬. গ্যাস, তেল ও কয়লার সাহায্যে যে বিদ্যুৎ উৎপন্ন হয় তাকে কী বলে?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ পানি বিদ্যুৎ ● তাপ বিদ্যুৎ

PARVIIB BOOKS

Ⓖ চল বিদ্যুৎ　　　　Ⓖ স্থির বিদ্যুৎ

৩৭. **বাংলাদেশের কোন বিদ্যুৎ কেন্দ্রে খনিজ তেল জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়?** [বর্ডার গার্ড পাবলিক স্কুল, সিলেট] ★★★

ⓚ সিদ্ধিরগঞ্জ তাপবিদ্যুৎ　ⓚ ঘোড়াশাল তাপবিদ্যুৎ

ⓖ চট্টগ্রাম তাপবিদ্যুৎ　● ভেড়ামারা তাপবিদ্যুৎ

৩৮. **বাংলাদেশের কোন বিদ্যুৎ কেন্দ্রে খনিজ তেল ব্যবহৃত হয়?** [হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

● ঠাকুরগাঁও তাপবিদ্যুৎ　ⓚ ঘোড়াশাল তাপবিদ্যুৎ

ⓖ চট্টগাম তাপ বিদ্যুৎ　ⓖ শাহজীবাজার তাপবিদ্যুৎ

৩৯. **বাংলাদেশে গ্যাসচালিত বিদ্যুৎকেন্দ্র কয়টি?** [বিএএফ শাহীন কলেজ, ঢাকা] ★★★

ⓚ ৮　ⓚ ১০

ⓖ ৭　● ৫

৪০. **আশুগঞ্জ তাপবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?**[পঞ্চগড় বিপি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ কুষ্টিয়া　● ব্রাহ্মণবাড়িয়া

ⓖ সিলেট　ⓖ নরসিংদী

৪১. **আধুনিক বিশ্ব কোন শক্তির ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে?** [সেন্ট যোসেফস হাইস্কুল, খুলনা]

ⓚ প্রাকৃতিক গ্যাস　ⓚ সৌরতাপ

ⓖ জৈব গ্যাস　● আণবিক

৪২. **বাংলাদেশে পানির উৎস প্রধানত কতটি?**
[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর] ★★★

ⓚ ২　● ৩

ⓖ ৪　ⓖ ৫

৪৩. **সমষ্টিগত সম্পদ কোনটি?** [গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ পানি সম্পদ　ⓚ সাগর

● হাসপাতাল　ⓖ ঘরবাড়ি

৪৪. **মানুষের অভাব মিটানোর ক্ষমতাসম্পন্ন বস্তুগত ও অবস্তুগত সব জিনিসকে আমরা কী বলে থাকি?** [কাদিরাবাদ কান্দির পাবলিক স্কুল এন্ড কলেজ, নাটোর] ★★★

● অর্থনৈতিক দ্রব্য　ⓚ অভিজাত দ্রব্য

ⓖ মূলধনী দ্রব্য　ⓖ মধ্যবর্তী দ্রব্য

৪৫. **যেসব দ্রব্য বিনা পরিশ্রমে এবং বিনামূল্যে পাওয়া যায় তাকে কী বলে?**
[বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● অবাধলভ্য দ্রব্য　ⓚ স্থায়ী ভোগ্য দ্রব্য

ⓖ অস্থায়ী ভোগ্য দ্রব্য　ⓖ অর্থনৈতিক দ্রব্য

৪৬. **কোনটি অর্থনৈতিক দ্রব্য?** [হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

PARTHIB BOOKS

● টেবিল ⓚ আলো
ⓖ বাতাস ⓘ সুনাম

**৪৭. নিচের কোনটি অস্থায়ী দ্রব্য?** [হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

ⓚ জমি ⓚ বাড়ি
ⓖ বাতাস ● খাদ্য

**৪৮. বিনিয়োগের ভিত্তি কী?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ আয় ● সঞ্চয়
ⓖ মূলধন ⓘ ব্যয়

**৪৯. সঞ্চিত অর্থ যখন উৎপাদন বাড়ানোর কাজে ব্যবহৃত হয় তখন তাকে কী বলে?** [বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবগিঞ্জ] ★★★

ⓚ মূলধন ⓚ সঞ্চয়
● বিনিয়োগ ⓘ আয়

**৫০. কীসের মাধ্যমে উৎপাদনের পরিমাণ বাড়ে?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

● বিনিয়োগ ⓚ মূলধন
ⓖ সঞ্চয় ⓘ মুনাফা

**৫১. সজীব একজন কৃষক। তার কোন কাজটি অর্থনৈতিক কাজ হিসেবে গণ্য হবে?**
[ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ অফিসে যাতায়াত করা
ⓚ পরের ক্ষেতের ধান কেটে আনা
● ধান চাষ করা
ⓘ ক্ষেতে কাজ না করে বিশ্রাম করা

**৫২. কোনটি কৃষিবহির্ভূত কাজ?** [পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

● মাটির পুতুল তৈরি
ⓚ ফলমূল উৎপাদন
ⓖ সার ছিটানো
ⓘ মাছ ধরা

**৫৩. নিচের কোনটি মধ্যবর্তী দ্রব্য?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ গম ● রসগোল্লা তৈরির জন্য দুধ চিনি
ⓖ রুটি ⓘ ভাত

**৫৪. রসগোল্লা তৈরিতে দুধ ও চিনি ব্যবহার করা হয়। এখানে দুধ ও চিনি কোন দ্রব্যের উদাহরণ?** [পঞ্চগড় বিপি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ মূলধনী ⓚ স্থায়ী ভোগ্য
ⓖ অবাধলভ্য ● মধ্যবর্তী

**৫৫. চেয়ার কোন জাতীয় দ্রব্য?** [বগুড়া জিলা স্কুল] ★★★

PARTHIB BOOKS

ⓚ অস্থায়ী ● চূড়ান্ত

ⓖ স্থায়ী ⓖ অবাধলভ্য

৫৬. **ভোগ ব্যয়ের পরে আয়ের যে অংশ অবশিষ্ট থাকে তাকে কী বলে?** [পাবনা সরকারি বালিক উচ্চ বিদ্যালয়] ★★★

● সঞ্চয় ⓚ বিনিয়োগ

ⓖ মজুদ ⓖ মূলধন

৫৭. **আয় ও ভোগ ব্যয়ের মধ্যে পার্থক্যকে কী বলে?** [বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবগিঞ্জ] ★★★

ⓚ বিনিয়োগ ⓚ মূলধন

● সঞ্চয় ⓖ সুদ

৫৮. **বাহ্যিকতা কীসের বৈশিষ্ট্য?** ★★★

● সম্পদের ⓚ উপযোগের

ⓖ অভাবের ⓖ ব্যক্তির

৫৯. **নিচের কোনটি সম্পদ বহির্ভূত?** ★★★

ⓚ যন্ত্রপাতি ⓚ খনিজ দ্রব্য

● শিক্ষকের দক্ষতা ⓖ কবির কাব্যগ্রন্থ

৬০. **কোনটি প্রাকৃতিক সম্পদের অন্তর্ভুক্ত?** ★★★

ⓚ উদ্যোগ ⓚ প্রতিভা

ⓖ দক্ষতা ● ভূমি

৬১. **অর্থনীতিতে কোনো দ্রব্যকে সম্পদ হিসেবে বিবেচনা করার জন্য কয়টি বৈশিষ্ট্য থাকা আবশ্যক?** ★★★

ⓚ ৫ ● ৪

ⓖ ৩ ⓖ ২

৬২. **কোনো দ্রব্যের অভাব মোচনের ক্ষমতাকে কী বলে?** ★★★

● উপযোগ ⓚ চাহিদা

ⓖ ভোগ ⓖ উৎপাদন

৬৩. **উপযোগহীন দ্রব্যের ক্ষেত্রে কোনটি সঠিক?** ★★★

ⓚ বাজারে চাহিদা বেশি

ⓚ মানুষ কম দামে কিনে

ⓖ বাজারে চাহিদা অপেক্ষাকৃত কম

● মানুষ অর্থ দিয়ে কিনে না

৬৪. **অপ্রাচুর্যতা কথাটির অর্থ কী?** ★★★

ⓚ যোগানের তুলনায় চাহিদা সীমাবদ্ধ

● চাহিদার তুলনায় যোগান সীমাবদ্ধ

PARTHIB BOOKS

Ⓖ সম্পদের পরিমাণ অসীম

Ⓖ সম্পদের পরিমাণ সসীম

**৬৫. কোনটি প্রাকৃতিক সম্পদ?** ★★

● বনভূমি | ⓧ প্রতিজ্ঞা

ⓖ উদ্যোগ | ⓖ দক্ষতা

**৬৬. অবাধলভ্য দ্রব্যের বৈশিষ্ট্য হলো–**[ঝালকাঠি সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

i. যোগান সীমাহীন

ii. প্রকৃতিতে অবাধে পাওয়া যায়

iii. অর্থব্যয় করার প্রয়োজন হয় না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii | ⓧ i ও iii

ⓖ ii ও iii | ● i, ii ও iii

**৬৭. অর্থনৈতিক কাজ হলো–** [আলহেরা একাডেমি স্কুল এন্ড কলেজ, পাবনা] ★★★

i. শখের বশে খেলাধুলা করা

ii. কৃষকের জমিতে কাজ করা

iii. শ্রমিকের কলকারখানায় কাজ করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii | ⓧ i ও iii

● ii ও iii | ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশের মানুষজন কেন সৌদি আরবে কাজ করতে যায়? এ প্রশ্নটি রাইমা তার বাবাকে করেছিল। বাবা উত্তরে বলেছিলেন, ওখানে প্রচুর খনিজ তেল আছে বিধায় ঐ দেশটি ধনী। বাবা আরও বলেন, তবে আমাদেরও তেল ছাড়া এ ধরনের আরও অনেক সম্পদ রয়েছে।

**৬৮. সৌদি আরবের সম্পদটি কোন ধরনের সম্পদ?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]

ⓚ কৃত্রিম | ● প্রাকৃতিক

ⓖ রাসায়নিক | ⓖ তেজস্ক্রিয়

**৬৯. এ ধরনের সম্পদ পরিকল্পিতভাবে ব্যবহার করলে দেশের–**

i. আন্তর্জাতিক উন্নয়ন হবে

ii. অর্থনৈতিক উন্নয়ন হবে

iii. সামাজিক উন্নয়ন হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii | ⓧ i ও iii

● ii ও iii | ⓖ i, ii ও iii

PARTHIB BOOKS

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** দৃশ্যপট-১ : মিতু শীতকালীন ছুটিতে বাবার সাথে পার্বত্য চট্টগ্রামে বেড়াতে গেল। সেখানে সে সেগুন, গর্জন, গামারি, শিমুল, বাঁশ ও বেত প্রভৃতি গাছের দৃশ্য দেখে মুগ্ধ হয়।

দৃশ্যপট-২ : কণিকা একজন নার্স। সে একটি প্রাইভেট হাসপাতালে দীর্ঘদিন যাবত শিশু ওয়ার্ডে কাজ করে। এছাড়াও সে অবসর সময়ে একটি খণ্ডকালীন চাকরি করে। [য. বো. ২০] ★★★

ক. মানবিক সম্পদ কাকে বলে?

খ. অর্থনীতিতে বোতলজাত পানিকে কী সম্পদ বলা হয়?

গ. দৃশ্যপট-১-এ মিতুর দেখা গাছগুলো কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যপট-২-এ কণিকার কাজ অর্থনীতির যে ধরনের কার্যাবলির সাথে সংগতিপূর্ণ তা উল্লেখ করে জীবিকা নির্বাহের ক্ষেত্রে এর ভূমিকা বিশ্লেষণ কর।

**প্রশ্ন ২** A : ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী।

B : শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা। [ঢা. বো. ১৯]

ক. বিনিয়োগ কী?

খ. মূলধনী দ্রব্য বলতে কী বোঝায়?

গ. 'B' তালিকার বিষয়গুলো অর্থনীতিতে কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর।

ঘ. দেশের অর্থনৈতিক উন্নতি 'A' ও 'B' সম্পদগুলোর ওপর কি নির্ভরশীল? আলোচনা কর।

**প্রশ্ন ৩** জনাব আলী একজন দরিদ্র কৃষক। বাড়ির পাশে তার একখণ্ড জমি ছিল। সে চেয়েছিল, সেখানে একটি গরুর খামার করতে। কিন্তু তার স্ত্রী তাকে মুরগির খামার করার পরামর্শ দিলে সে গরুর খামারের পরিবর্তে মুরগির খামার করল। পরের বছর মুরগির খামারের আয় থেকে সকল খরচ মিটানোর পর যা অবশিষ্ট ছিল তা দিয়ে আরও একখণ্ড জমি কিনে সেখানে মাছ চাষ করে এবং তা দেখাশুনার জন্য ১২ জন লোক নিয়োগ দিল। [দি. বো. ১৯] ★★★

PARTHIB BOOKS

ক. চূড়ান্ত দ্রব্য কাকে বলে?

খ. সম্পদের স্বল্পতাই নির্বাচনের কারণ— বুঝিয়ে লেখ।

গ. উদ্দীপকে জনাব আলীর স্ত্রীর পরামর্শে মুরগির খামার করার ক্ষেত্রে অর্থনীতির কোন ধারণাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে পরের বছর জনাব আলীর মাছ চাষ করার ক্ষেত্রে অর্থনীতির যে ধারণাটি প্রতিফলিত হয় তা অর্থনীতিকে সমৃদ্ধ করে- বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৪** রফিকুল সাহেব একজন NGO কর্মী। তিনি প্রতি মাসে ২০,০০০ টাকা আয় করেন। তা থেকে তিনি ১৬,০০০ টাকা খরচ করেন এবং ব্যাংকে ৪,০০০ টাকা করে প্রতি মাসে জমা রাখেন। বছর শেষে জমাকৃত অর্থ দিয়ে তিনি একটি গরুর খামার দেন। এর ফলে তার পরিবারের উৎপাদন বৃদ্ধি পায় এবং অর্থনৈতিক উন্নয়ন হয়। [রা. বো. ২০] ★★★

ক. অর্থনীতিতে দ্রব্য কী?

খ. মানুষ প্রণোদনায় সাড়া দেয় কেন?

গ. উদ্দীপকের রফিকুল সাহেবের জমাকৃত অর্থ অর্থনীতিতে কী নির্দেশ করে?

ঘ. উদ্দীপকের জমাকৃত অর্থ দিয়ে গরুর খামার করাকে অর্থনীতিতে কী নির্দেশ করে তা উল্লেখ করে অর্থনীতিতে এর গুরুত্ব লেখ।

**প্রশ্ন ৫** নাজমা তার দুই ছেলে ও দুই মেয়ের লালন- পালনসহ পারিবারিক যাবতীয় কাজ দেখাশুনা করতেন। তার পরিবারের একমাত্র উপার্জনকারী স্বামীর আকস্মিক মৃত্যুর পর সে আর্থিক সংকট দূর করার জন্য সেলাই কাজের প্রশিক্ষণ নিয়ে অর্থ উপার্জনের মাধ্যমে তার সংসার পরিচালনা করেন। [ঢা. বো. ২০] ★★★

ক. অবাধলভ্য দ্রব্য কাকে বলে?

খ. গুদামঘরকে মূলধনী দ্রব্য বলা হয় কেন?

গ. নাজমার প্রথমদিকের কাজগুলো অর্থনীতিতে কোন ধরনের কাজ নির্দেশ করে?

ঘ. নাজমার শেষের কাজটি তার জীবিকার মূল প্রেরণা হিসেবে কাজ করে- বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৬** আবেদ একজন চা বিক্রেতা। শেখাহার বাজারে প্রতিদিন চা বিক্রয় করে জীবিকা নির্বাহ করে। সন্তানেরা প্রতিদিন টিভি দেখার জন্য পাশের বাড়িতে যায়। এতে তার মন খারাপ হয়। নির্বাচনের কারণে গত কয়েকদিন ভালো চা বিক্রয় হওয়ায় সন্তানেরা টিভির জন্য বায়না ধরে। সে একটি টিভি ক্রয় করে। [স. বো. ১৬] ★★★

ক. প্রাকৃতিক সম্পদ কী?

খ. হস্তান্তরযোগ্যতা বলতে কী বুঝায়?

গ. প্রথমদিকে আবেদ টিভি ক্রয় করতে সক্ষম হয়নি কেন? অর্থনীতির ভাষায় তা ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত ক্রয়কৃত টিভিটি কী অর্থনীতিতে সম্পদ? যুক্তিসহ উপস্থাপন কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৭** রাব্বি একটি সুতা তৈরির কারখানায় মাসিক ১২ হাজার টাকা বেতনে চাকরি করে। সে তার বেতন থেকে প্রতি মাসে কিছু টাকা তার এক বিশ্বস্ত বন্ধুর কাছে জমা রাখে। কিছুদিন পর এই জমানো টাকা দিয়ে রাব্বি তার বাবাকে একটি পোল্ট্রি ফার্ম করে দেয়। বর্তমানে তার বাবার পোল্ট্রি ফার্মে পাঁচজন শ্রমিক কাজ করে। এখান থেকে রাব্বির বাবা পূর্বের তুলনায় অনেক গুণ অর্থ আয় করে থাকেন। ★★★

ক. অবাধলভ্য দ্রব্য কাকে বলে?

খ. অর্থনীতিতে হস্তান্তরযোগ্যতা বলতে কী বোঝায়?

গ. রাব্বির কর্মকান্ড অর্থনীতির কোন বিষয়গুলোকে প্রকাশ করে? ব্যাখ্যা কর।

ঘ. 'রাব্বির কাজে প্রমাণিত হয় বিনিয়োগ অর্থনৈতিক সমৃদ্ধির প্রধান চালিকা শক্তি'— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

**প্রশ্ন ৮** সিয়াম ও জায়িদ দুই ভাই। সিয়াম পেশায় ডাক্তার। অন্যদিকে জায়িদ খুবই ধার্মিক। সে সর্বদা ধর্মচর্চায় নিয়োজিত থাকে। তারা দুজনেই নিজ নিজ অবস্থান থেকে অন্যের সেবা করতে আপ্রাণ চেষ্টা চালাচ্ছে। তারা দুজনেই দায়িত্বশীল। ★★★

ক. বাংলাদেশের একটি শক্তি সম্পদের নাম লেখ।

খ. অর্থনীতির ভাষায় কবি নজরুলের প্রতিভা কেন সম্পদ নয়?

গ. সিয়ামের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা কর।

ঘ. অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে জায়িদের কর্মকান্ডকে কাজ বলা যায় কি? মতের পক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৯** সাগরের সম্পদ সম্পর্কে স্বচ্ছ ধারণার অভাব ছিল। সে ভাবতো শুধুমাত্র ধন, সম্পত্তি, জমি ইত্যাদি হলো সম্পদের অন্তর্ভুক্ত। কিন্তু বর্তমানে সম্পদ সম্পর্কে তার ধারণা স্বচ্ছ হয়েছে। আগে সে ভাবতো শুধুমাত্র বস্তুগত দ্রব্যসামগ্রী সম্পদের অন্তর্ভুক্ত। কিন্তু অবস্তুগত দ্রব্যসামগ্রীও যে সম্পদের অন্তর্ভুক্ত তা সে জানত না। বর্তমানে তার এ ভ্রান্ত ধারণার পরিবর্তন এসেছে। ★★★

ক. সম্পদ কী?

খ. কৃষি সম্পদ সম্পর্কে ধারণা দাও।

গ. সাগরের পূর্বের ধারণার আলোকে সম্পদ বিবেচনা করতে হলে সম্পদের কোন ধরনের বৈশিষ্ট্য থাকা আবশ্যক? ব্যাখ্যা কর।

ঘ. সাগরের বর্তমান ধারণার আলোকে মালিকের ভিত্তিতে সম্পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১০** রুমা শিক্ষকের বর্ণনায় দেশের এমন একটি প্রাকৃতিক সম্পদের কথা শুনেছে যা প্রাণী ও উদ্ভিদের জীবনধারণের জন্য অপরিহার্য এবং দেশের খাদ্য উৎপাদনের সাথে উক্ত সম্পদটি ওতপ্রোতভাবে জড়িত। আবার শিক্ষক তাদের আরও বললেন প্রাকৃতিক সম্পদের পাশাপাশি মালিকানাভিত্তিক সম্পদও একটি দেশের জন্য গুরুত্বপূর্ণ। ★★★

ক. মূলধনী দ্রব্য কী?

PARTHIB BOOKS

খ. নদীর পানি কী ধরনের দ্রব্য? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের শেষে শিক্ষক যে সম্পদের কথা বলেছেন তা তালিকা আকারে লিখ।
ঘ. উদ্দীপকের প্রথমে শিক্ষক যে সম্পদের কথা বলেছেন সেই সম্পদের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবহার আমাদের অর্থনৈতিক উন্নয়নের গতি কীভাবে বাড়াবে তা বিশ্লেষণ কর।

## জ্ঞানমূলক

১। আয় কী? [সি. বো. ২০] ★★★

উত্তর : উৎপাদনের কোনো উপকরণ ব্যবহারের জন্য উপকরণটি বা এটির মালিক একটি নির্দিষ্ট সময়ে যে অর্থ পায় তাকে আয় বলে।

২। মানবিক সম্পদ কাকে বলে? [য. বো. ২০] ★★★

উত্তর : মানুষের বিভিন্ন প্রকার যোগ্যতা ও দক্ষতাকে মানবিক সম্পদ বলে।

৩। উপযোগ কী? [কু. বো. ২০] ★★★

উত্তর : কোনো দ্রব্যের মানুষের অভাব মোচনের ক্ষমতাকে উপযোগ বলে।

৪। চাহিদা কী? [চ. বো. ২০] ★★★

উত্তর : ক্রেতার একটি নির্দিষ্ট দ্রব্য পাওয়ার আকাঙ্ক্ষা, আর্থিক সামর্থ্য এবং নির্দিষ্ট দামে দ্রব্যটি ক্রয়ের ইচ্ছা থাকলে তাকে চাহিদা বলে।

৫। অবাধলভ্য দ্রব্য কাকে বলে? [ঢা. বো. ২০; কু. বো. ১৯] ★★★

উত্তর : যেসব দ্রব্য প্রকৃতিতে অবাধে পাওয়া যায়, যা পাওয়ার জন্য অর্থ ব্যয় করতে হয় না সেসব দ্রব্যকে অবাধলভ্য দ্রব্য বলে।

৬। চূড়ান্ত দ্রব্য কী? [সি. বো. ২০; দি. বো. ১৯] ★★★

উত্তর : যে সকল দ্রব্য উৎপাদনের পর সরাসরি ভোগে ব্যবহৃত হয় তাদেরকে চূড়ান্ত দ্রব্য বলা হয়।

৭। মধ্যবর্তী দ্রব্য কাকে বলে? [ব. বো. ২০] ★★★

উত্তর : যে সমস্ত দ্রব্য সরাসরি ভোগের জন্য ব্যবহার না করে উৎপাদনের উপকরণ হিসেবে ব্যবহার করা হয়, তাকে মধ্যবর্তী দ্রব্য বলে।

৮। বিনিয়োগ কী? [দি. বো. ২০; ঢা. বো. ১৯; সকল বোর্ড ১৫] ★★★

উত্তর : সঞ্চিত অর্থ যখন উৎপাদন বাড়ানোর কাজে ব্যবহৃত হয় তখন তাই বিনিয়োগ।

৯। উৎপাদিত সম্পদ কী? [রা. বো. ১৯; ব. বো. ১৯] ★★★

উত্তর : প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে যে সম্পদ সৃষ্টি হয় সেই সমস্ত সম্পদই উৎপাদিত সম্পদ।

PARTHIB BOOKS

১০। সম্পদ কাকে বলে? [চ. বো. ১৯; সকল বোর্ড ১৭] ★★★

উত্তর : যে সমস্ত জিনিস বা দ্রব্য পেতে চাইলে অর্থ ব্যয় করতে হয় তাকে সম্পদ বলে।

১১। সঞ্চয় কাকে বলে? [সি. বো. ১৯] ★★★

উত্তর : মানুষ ভবিষ্যতের কথা চিন্তা করে আয়ের একটি অংশ কোনো প্রতিষ্ঠানে জমা রাখে। এই রেখে দেওয়া অংশকে সঞ্চয় বলে

১২। অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? [সকল বোর্ড ১৮] ★★★

উত্তর : যেসব দ্রব্য পাওয়ার জন্য মানুষকে মূল্য প্রদান করতে হ তাকে অর্থনৈতিক দ্রব্য বলা হয়। যেমন- খাদ্য, বস্ত্র, বই, কলম চেয়ার, টেবিল ইত্যাদি।

১৩। অর্থনৈতিক কার্যাবলি কী? [সকল বোর্ড ১৮] ★★★

উত্তর : মানুষ জীবিকা সংগ্রহের জন্য যে কার্যাবলি করে থাকে তাে অর্থনৈতিক কার্যাবলি বলা হয়।

১৪। প্রাকৃতিক সম্পদ কী? [সকল বোর্ড ১৬] ★★★

উত্তর : প্রকৃতির কাছ থেকে পাওয়া যেসব দ্রব্য মানুষের প্রয়োজ মেটায় তাই প্রাকৃতিক সম্পদ।

## অনুধাবনমূলক

১. অর্থনৈতিক কাজ বলতে কী বোঝায়? ★★★

২. আয় বলতে কী বোঝায়? ★★★

৩. অ–অর্থনৈতিক কার্যাবলি বলতে কী বোঝায়? ★★

৪. সঞ্চয় বলতে কী বোঝায়? ★★★

৫. দ্রব্য বলতে কী বোঝায়? ★★★

৬. বিনিয়োগ কী? ব্যাখ্যা কর। ★★★

৭. সঞ্চয় কীভাবে বিনিয়োগকে প্রভাবিত করে? ★★

৮. কৃষিই বাংলাদেশের মানুষের কর্মসংস্থানের বড় খাত– ব্যাখ্যা কর। ★★

৯. বিনিয়োগ কীভাবে উৎপাদন বাড়ায়? ★★★

PARTHIB BOOKS

# তৃতীয় অধ্যায়
# উপযোগ, চাহিদা, যোগান ও ভারসাম্য

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **অর্থনীতিতে ভোগের অর্থ কী?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ উপযোগ বৃদ্ধি ⓚ উপযোগের সৃষ্টি

ⓖ উপযোগের ক্ষমতা ● উপযোগের ব্যবহার

২. **দ্রব্য ব্যবহারের মাধ্যমে আমরা কী গ্রহণ করি?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ তৃপ্তি ⓚ অভাব

ⓖ বুদ্ধি ● উপযোগ

৩. **কোনো দ্রব্য ব্যবহারের মাধ্যমে তার উপযোগ নিঃশেষ করাকে কী বলে?** [দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ সঞ্চয় ● ভোগ

ⓖ বিনিয়োগ ⓖ উৎপাদন

৪. **মিঠু ৪টি পেয়ারা কিনল, এক্ষেত্রে ৪র্থ পেয়ারাটিকে কী বলা যায়?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ মোট পেয়ারা ● প্রান্তিক পেয়ারা

ⓖ ভোগকৃত পেয়ারা ⓖ উপভোগ্য পেয়ারা

৫. **একজন বিক্রেতা কোনো একটি দ্রব্যের যে পরিমাণ একটি নির্দিষ্ট সময়ে এবং একটি নির্দিষ্ট দামে বিক্রয় করতে ইচ্ছুক তাকে বলে–** [স. বো. ১৬] ★★★

ⓚ চাহিদা ● যোগান

ⓖ উপযোগ ⓖ মজুদ

৬. **দাম ও যোগানের সম্পর্ক কী?** [স. বো. ১৬] ★★★

ⓚ বিপরীতমুখী ● সমমুখী

ⓖ আড়াআড়ি ⓖ কোনো সম্পর্ক নেই

৭. **অর্থনীতিতে উৎপাদন বলতে কী বোঝায়?** [স. বো. ১৫] ★★★

● উপযোগ সৃষ্টি করা ⓚ চাহিদা সৃষ্টি করা

ⓖ বিনিয়োগ সৃষ্টি করা ⓖ যোগান সৃষ্টি করা

৮. **কোন উপাদানগুলো ভারসাম্য মূল্য নির্ধারণে সাহায্য করে?** [স. বো. ১৫] ★★★

ⓚ উপযোগ ও প্রান্তিক উপযোগ

● চাহিদা ও যোগান

PARTHIB BOOKS

Ⓖ সঞ্চয় ও বিনিয়োগ
Ⓖ ভোগ ও বিনিয়োগ

৯. **একটি নির্দিষ্ট সময়ে বিক্রয়যোগ্য একটি দ্রব্যের মোট পরিমাণকে কী বলে?** [স. বো. ১৫] ★★★

ⓚ চাহিদা ● যোগান
Ⓖ উপযোগ ⓖ সম্পদ

১০. **ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির অনুমিত শর্ত কয়টি?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ ২ ⓦ ৩
Ⓖ ৪ ● ৫

১১. **উপযোগ বলতে কী বোঝায়?** [অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★

● অভাব মোচনের ক্ষমতাকে ⓦ তৃপ্তি মেটানোর ক্ষমতাকে
Ⓖ ভোগের তীব্রতাকে ⓖ চাহিদার পরিমাণকে

১২. **অর্থনীতিতে কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?** [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, বগুড়া] ★★★

ⓚ যোগান ● উপযোগ
Ⓖ চাহিদা ⓖ সঞ্চয়

১৩. **একটি নির্দিষ্ট সময়ে একটি দ্রব্য ক্রমাগতভাবে ভোগ করতে থাকলে তার কোনটি হ্রাস পায়?** [মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ স্বাদ ⓦ রুচি
● উপযোগ ⓖ উপকারিতা

১৪. **কোনো দ্রব্যের অতিরিক্ত একক ভোগের জন্য যে অতিরিক্ত উপযোগের সৃষ্টি হয় তাকে কী বলে?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ মোট উপযোগ ● প্রান্তিক উপযোগ
Ⓖ মোট ভোগ ⓖ ভোগ

১৫. **প্রান্তিক উপযোগ শূন্য হলে মোট উপযোগ কী?** [কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

● সর্বাধিক হয় ⓦ সর্বনিম্ন হয়
Ⓖ একই থাকে ⓖ পরিবর্তিত হয়

১৬. **মোট উপযোগ হ্রাস পায় কখন?** [আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ প্রান্তিক উপযোগ হ্রাস পেলে
ⓦ প্রান্তিক উপযোগ শূন্য হলে
● প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে
ⓖ প্রান্তিক উপযোগ সর্বোচ্চ হলে

PARTHIB BOOKS

১৭. **কোনো লোকের টেলিভিশন কেনার ইচ্ছা ও সামর্থ্য দুই রয়েছে। একে আমরা কী বলতে পারি?** [দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ তীব্র শখ ⓦ বিলাসিতা

● চাহিদা ⓖ যোগান

১৮. **চাহিদার সাথে কোনটির ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ উপযোগ ও মূল্য ● সময় ও দাম

ⓖ যোগান ও চাহিদা ⓖ উৎপাদন ও মজুদ

১৯. **দাম বাড়লে চাহিদা কিরূপ হয়?** [দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

ⓚ বাড়ে ⓦ সমান থাকে

ⓖ বেশি বাড়ে ● কমে

২০. **চাহিদা সূচির অপর নাম কী?** [যশোর জিলা স্কুল] ★★★

ⓚ যোগান সূচি ● চাহিদা তালিকা

ⓖ প্রান্তিক চাহিদা ⓖ চাহিদা ছক

২১. **দাম ও যোগানের সম্পর্ক কিরূপ?** [দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গাল] ★★★

ⓚ বিপরীতমুখী

ⓦ সর্বত্র সমান নয়

● সমমুখী

ⓖ উভয়ই ভোক্তার চাহিদার ওপর নির্ভরশীল

২২. **যোগান বৃদ্ধি পাওয়ার কারণ কী?** [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম] ★★★

ⓚ দামের হ্রাস ● দামের বৃদ্ধি

ⓖ চাহিদার হ্রাস ⓖ চাহিদা ও দাম হ্রাস

২৩. **দাম ও সময়ের প্রেক্ষিতে কী বিবেচিত হয়?** ★★★

ⓚ ভোগের পরিমাণ ● চাহিদার পরিমাণ

ⓖ উপযোগের পরিমাণ ⓖ উৎপাদনের পরিমাণ

২৪. **কিসের ভিত্তিতে চাহিদা রেখা আঁকা যায়?** ★★★

● চাহিদা সূচি ⓦ চাহিদার বৃদ্ধি

ⓖ চাহিদা বিধি ⓖ চাহিদার হ্রাস

২৫. **চাহিদা রেখা কেমন থাকে?** ★★★

ⓚ ভূমির সাথে সমান্তরাল ● ডানদিকে নিম্নগামী

ⓖ বামদিকে ঊর্ধ্বগামী ⓖ ডানদিকে ঊর্ধ্বগামী

২৬. **চাহিদা কিসের ওপর নির্ভর করে?** ★★★

● দামের ⓦ উপযোগের

ⓖ ক্রেতার ⓖ বাজারের

**২৭. মানুষের দ্রব্য–সামগ্রীর প্রয়োজন হয় কেন?** ★★★

● বেঁচে থাকার জন্য ⓪ বিলাসিতার জন্য

ⓖ গতিশীলতার জন্য ⓖ উন্নয়নের জন্য

**২৮. আমরা কোনটি ছাড়া স্বাভাবিক জীবনযাপন করতে পারি না?** ★★★

● দ্রব্যসামগ্রী ⓪ শিল্পপ্রতিষ্ঠান

ⓖ সামাজিক চাহিদা ⓖ সেবা

**২৯. বস্ত্র কোন ধরনের অভাব?** ★★★

ⓚ আরামপ্রদ ● প্রয়োজনীয়

ⓖ বিলাসজাত ⓖ কম প্রয়োজনীয়

**৩০. উপযোগ কোন ধরনের ধারণা?** ★★★

● মানসিক ⓪ নৈতিক

ⓖ ধর্মীয় ⓖ ব্যক্তিকেন্দ্রিক

**৩১. মানুষের অভাব পূরণের জন্য দ্রব্যের উপযোগ লাভ করাকে কী বলে?** ★★★

ⓚ ইচ্ছা ⓪ উপযোগিতা

ⓖ লাভ ● ভোগ

**৩২. ভোক্তা কে?** ★★★

● যে ভোগ করে ⓪ যে ভোগ দেয়

ⓖ যে বিক্রি করে ⓖ যে যোগান দেয়

**৩৩. প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে মোট উপযোগ কী হয়?** ★★★

● কমে ⓪ বৃদ্ধি পায়

ⓖ সমান থাকে ⓖ খুব বেশি বৃদ্ধি পায়

**৩৪. অতিরিক্ত এক একক ভোগে যে অতিরিক্ত উপযোগ সৃষ্টি হয় তাকে কী বলে?**

ⓚ মোট উপযোগ ● প্রান্তিক উপযোগ

ⓖ উপযোগের সমষ্টি ⓖ উপযোগ

**৩৫. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ রেখার ভূমি অক্ষে কী নির্দেশ করা হয়?** ★★★

● দ্রব্যের পরিমাণ ⓪ উপভোগ

ⓖ দাম ⓖ বাজার

**৩৬. MU এর পূর্ণরূপ কী?** ★★★

ⓚ Marginal Usage ● Marginal Utitility

ⓖ Market Usage ⓖ Market Utitility

**৩৭. দ্রব্যের দামের ওপর চাহিদার নির্ভরশীলতার সম্পর্ককে কী বলে?** ★★★

ⓚ উৎপাদন বিধি ● চাহিদা বিধি

ⓖ যোগান বিধি ⓖ উপযোগ বিধি

DARTHIB BOOKS

৩৮. **বাজারে কারা বিক্রয়ের জন্য দ্রব্য সাজিয়ে রাখেন?** ★★★

● বিক্রেতাগণ　　ⓦ সরবরাহকারীগণ

ⓖ প্রতিনিধিরা　　ⓖ কর্মচারীরা

৩৯. **যাগানের ইংরেজি প্রতিশব্দ কোনটি?** ★★★

ⓚ Demand　　● Supply

ⓖ Utility　　ⓖ Product

৪০. **দাম হ্রাস পেলে যোগানের পরিমাণ কী রকম থাকে?** ★★★

ⓚ বৃদ্ধি পায়　　● হ্রাস পায়

ⓖ অপরিবর্তিত থাকে　　ⓖ ঋণাত্মক পর্যায়

৪১. **কোনো দ্রব্যের চাহিদার চেয়ে যোগান বেশি হলে দ্রব্যের দাম কেমন হবে?** ★★★

● কমবে　　ⓦ বাড়বে

ⓖ স্থির থাকবে　　ⓖ সর্বোচ্চ হবে

৪২. **কোনো দ্রব্যের যোগান কিসের উপর নির্ভর করে?** ★★★

ⓚ চাহিদার　　ⓦ উৎপাদনের

● দামের　　ⓖ ভোগের

৪৩. **দাম পরিবর্তনের ফলে যোগানের কী রকম পরিবর্তন ঘটে?** ★★★

ⓚ ঊর্ধ্বমুখী　　● সমমুখী

ⓖ বিপরীতমুখী　　ⓖ নিম্নমুখী

৪৪. **যোগান রেখা অঙ্কন করার জন্য নিচের কোন জিনিসটি দরকার?** ★★★

ⓚ যোগানের সময়　　● যোগান সূচি

ⓖ যোগানের পরিমাণ　　ⓖ যোগানের দাম

৪৫. **যোগান সূচিতে কিসের প্রতিফলন ঘটে?** ★★★

ⓚ যোগান ও চাহিদার সম্পর্ক

ⓦ দাম ও চাহিদার সম্পর্ক

● যোগান বিধির

ⓖ চাহিদা ও যোগানের বৈষম্য

৪৬. **যোগান বৃদ্ধি পাওয়ার কারণ হলো–** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর; কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

i. বাজারে দ্রব্যের দাম বৃদ্ধি পাওয়া

ii. বাজারে দ্রব্যের দাম হ্রাস পাওয়া

iii. বাজারে দ্রব্যের চাহিদা বৃদ্ধি পাওয়া


**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　　● i ও iii

ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

PARTHIB BOOKS

**নিচের চিত্রটি দেখে প্রশ্নের উত্তর দাও :**




৪৭. **চিত্রটি কী নির্দেশ করছে?** [স. বো. ১৬] ★★★

ⓚ চাহিদার পরিমাণ ⓚ যোগানের পরিমাণ

● ভারসাম্য দাম ও পরিমাণ ⓖ উপযোগের পরিমাণ

৪৮. **E বিন্দুতে চাহিদা ও যোগান হলো—**

i. চাহিদা < যোগান

ii. চাহিদা = যোগান

iii. চাহিদা > যোগান

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ● ii

ⓖ iii ⓖ i ও ii

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** মি. রফিক একজন সম্ভ্রান্ত কৃষক। তিনি ৮০০ টাকা দরে ১৫০ মণ ধান বিক্রি করলেন। ধানের দাম বৃদ্ধি পেয়ে ১০০০ টাকা হওয়ায় তিনি আরও ২৫০ মণ ধান বিক্রি করলেন। মি আনোয়ার একজন ধনী ব্যবসায়ী। তার একটি গাড়ি কেনার খুব ইচ্ছা। গাড়ি কিনতে গিয়ে তার সহকারীসহ দাম যাচাই করে সহকারীকে বললেন, এত বেশি দাম দিয়ে কেনার চেয়ে এই টাকা ব্যবসায়ে বিনিয়োগ করাই উত্তম। [রা. বো. ২০]

ক. প্রকাশ্য ব্যয় কী?

খ. চাহিদা রেখা ডানদিকে নিম্নগামী কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে মি. রফিকের ক্ষেত্রে কোন বিধি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. মি. আনোয়ারের গাড়ি ক্রয়ের ইচ্ছাকে চাহিদা বলা যাবে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ২** কাশেম সাহেব একজন বিশিষ্ট শিল্পপতি। ঢাকা শহরে তার বেশ কয়েকটি বাড়ি আছে। নিজস্ব শিল্পপ্রতিষ্ঠান থেকে তিনি প্রচুর লাভবান হচ্ছেন। তার মেয়ে মিনা ইডেন কলেজে অধ্যয়নরত। সম্প্রতি একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য

PARTHIB BOOKS

সে লন্ডনে একটি প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে চায়। কিন্তু তার বাবা অতিরিক্ত খরচের অজুহাত দিয়ে মিনার এ আকাঙ্ক্ষা দমিয়ে রাখে। ★★★

ক. চাহিদাবিধি কী?

খ. উপযোগ বলতে কী বোঝায়?

গ. মিনার আকাঙ্ক্ষাটি চাহিদা না হওয়ার কারণ ব্যাখ্যা কর।

ঘ. 'মিনার আকাঙ্ক্ষায় চাহিদা হওয়ার জন্য প্রয়োজনীয় সবকটি শর্ত অনুপস্থিত'– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

**প্রশ্ন ৩** লিয়াকত ব্যাপারী সকাল থেকে ১০০ টাকা দরে ১০০ কেজি, ৮০ টাকা দরে ৮০ কেজি, ৬০ টাকা দরে ৬০ কেজি ও ৪০ টাকা দরে ৪০ কেজি চাল বিক্রি করে। দাম এত কমে যাওয়ায় সে চাল বিক্রি বন্ধ করে দেয়। ★★★

ক. দাম ও যোগানের সম্পর্ক কীরূপ?

খ. যোগানের ক্ষেত্রে 'অন্যান্য অবস্থা অপরিবর্তিত বলতে কী বোঝ?

গ. লিয়াকত ব্যাপারীর চাল বিক্রির তথ্যটি রেখাচিত্রের সাহায্যে প্রকাশ করে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে দাম ও যোগানের যে সম্পর্ক প্রকাশিত হয়েছে বাস্তব জীবনে কি এর কোনো ব্যতিক্রম হতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৪** রঞ্জিত রায় একজন ব্যবসায়ী। তার ৩টি হিমাগারে ১০০০ মণ টমেটো আছে। এর মধ্য থেকে তিনি ৫০০ মণ বিক্রি করার সিদ্ধান্ত নিলেন এবং বাকি ৫০০ মণ মজুদ হিসেবে রেখে দিলেন। দাম বৃদ্ধি পেলে তিনি মজুদ করা টমেটো বিক্রি করবেন। ★★★

ক. প্রান্তিক উপযোগ কাকে বলে?

খ. চাহিদার শর্তগুলো কী কী?

গ. রঞ্জিত রায়ের ব্যবসার পদ্ধতিটি অর্থনীতির কোন বিষয়টিকে ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর।

ঘ. উক্ত বিষয়টিকে তুমি বাস্তব ক্ষেত্রে যুক্তিসংগত মনে কর কি? মতের পক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৫** জলিল একজন আলু ব্যবসায়ী। বাজারে তার একটি আলুর দোকান আছে। আলুর বাজার দর মণ প্রতি ১০০ টাকা হওয়ায় সে ২০ মণ আলু বিক্রি করতে চাইল। পরের দিন আলুর দাম বেড়ে ১৩০ টাকা হওয়ায় সে ৬০ মণ আলু বিক্রি করল। অতিবৃষ্টির কারণে শাকসবজির ফলন নষ্ট হওয়ায় আলুর দাম বেড়ে ১৪০ টাকা হলো। তখন জলিলের গুদামে রাখা আরও ১২০ মণ আলু বিক্রি করার সিদ্ধান্ত নিল। ★★★

ক. চাহিদার শর্ত কয়টি?

খ. যোগান বলতে কী বোঝায়?

গ. জলিলের আলুর যোগান রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর।

ঘ. জলিলের সরবরাহকৃত আলুর যোগানের প্রকৃতি বিশ্লেষণ কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৬** জনাব 'ক' বলেন মানুষ প্রকৃতি প্রদত্ত কোনো বস্তু বা পদার্থের রূপান্তর করে স্থানগত ও কালগত পরিবর্তন ঘটিয়ে এবং বিভিন্ন সেবার মাধ্যমে উপযোগ সৃষ্টি বা বৃদ্ধি করতে পারে। সম্পদের প্রথম বৈশিষ্ট্যই হলো উপযোগ। কোনো জিনিসকে সম্পদ হতে হলে অবশ্যই তার উপযোগ থাকতে হবে। উপযোগহীন দ্রব্যসামগ্রীর কোনো মূল্য নেই এবং এজন্য তা সম্পদ হতে পারে না। তিনি আরও বলেন 'মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ শূন্য হয়'। ★★★

ক. অর্থনীতিতে উপযোগ কী?

খ. উপযোগ হলো কোনো দ্রব্যের একটা বিশেষ গুণ– ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে বর্ণিত সম্পদের বৈশিষ্ট্যটি ব্যাখ্যা কর।

ঘ. জনাব 'ক' এর শেষোক্ত উক্তিটি মূল্যায়ন কর।

**প্রশ্ন ৭** মামুন দশম শ্রেণির ছাত্র। একদিন সে তার ক্লাসের অর্থনীতির শিক্ষকের কাছ থেকে জানতে পারল, কোনো দ্রব্যের চাহিদার তুলনায় তার যোগান বেশি হলে দাম হয় নিম্নমুখী; বিপরীত অবস্থায় চাহিদা হয় ঊর্ধ্বমুখী। প্রকৃতপক্ষে এ দুই শক্তির পারস্পরিক প্রভাব যখন সমান হয় তখন ভারসাম্য দাম নির্ধারিত হয়।★★★

ক. দামের সাথে চাহিদার কী সম্পর্ক বিদ্যমান?

খ. ভারসাম্য দাম বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকে উল্লিখিত দ্রব্যের দাম কম-বেশি হলে তার চাহিদা ও যোগানের ওপর কী প্রভাব পড়ে তা ব্যাখ্যা কর।

ঘ. শিক্ষক যে ভারসাম্যের কথা বলেছেন তা রেখাচিত্রের সাহায্যে বিশ্লেষণ কর।

## জ্ঞানমূলক

